21 জুন, 2024

## মেনিঙ্গোকক্কাল স্ট্রেইন W-এর ঘটনা বাড়ায় টরন্টো জনস্বাস্থ্য দপ্তরের টিকা সেবনের আহ্বান

টরন্টো জনস্বাস্থ্য দপ্তর (Toronto Public Health, TPH) 2024 সালে রিপোর্টকৃত মেনিঙ্গোকক্কাল রোগ (IMD)-এর 14 টি সংক্রামণের ঘটনার মধ্যে সাতটি মেনিঙ্গোকক্কাল স্ট্রেইন W-এর ঘটনা বলে শনাক্ত করেছে। সাতটি W-এর ঘটনার মধ্যে ছয়টির কারণ সৌদি আরবে (KSA) শনাক্ত রোগের স্ট্রেইনের সাথে মিলে যাচ্ছে।

মেনিঙ্গোকক্কাল স্ট্রেইন W সেসব পর্যটকের দেহে পাওয়া গেছে, যারা KSA থেকে উমরাহ পালন করে যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ফ্রান্সে ফিরছিলেন। টরন্টোতে যাদের দেহে এই রোগ শনাক্ত হয়েছে তারা নিজেরা ওই অঞ্চলে যাননি বা এমন কারো সংস্পর্শে আসেননি যারা সেখানে গিয়েছিলেন।

সারা বিশ্বের বিভিন্ন স্থানের প্রাদুর্ভাবে স্ট্রেইন W-এর সাথে সম্পর্ক পাওয়া গেছে এবং এটি অন্যান্য সেরোগ্রুপ থেকে অনেক বেশি গুরুতর রোগ সৃষ্টি করে বলে জানা গেছে। সাম্প্রতিক বছরগুলিতে বিভিন্ন অঞ্চলে এর প্রকোপ বেড়েছে। সেরোগ্রুপ W টরন্টোতে সাধারণত দেখা না গেলেও, 2014-23 সালের সংক্রমণের ঘটনাগুলির মধ্যে এটি প্রায় 21 শতাংশের জন্য দায়ী। 2024 সালে TPH সমস্ত স্ট্রেইন মিলিয়ে 14 টি IMD-এর ঘটনার কথা জানিয়েছে, যার মধ্যে দুটি মৃত্যুর ঘটনা, একটি শিশু ও একটি প্রাপ্তবয়স্কের রোগাক্রান্ত হওয়ার বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। এটি ছিল 2001 সাল থেকে সবচেয়ে বেশি IMD-এর সংক্রমণের ঘটনা। সেসময় 26 টি সংক্রমণের কথা জানানো হয়েছিল।

যারা বাইরে ভ্রমণ করতে যাননি তাদের সংক্রমণসহ টরন্টোয় মেনিঙ্গোকক্কাল রোগের ঘটনা বৃদ্ধির প্রেক্ষিতে আপনি বাইরে ভ্রমণ করতে গিয়ে থাকলে বা যিনি গিয়েছিলেন এমন কারো সংস্পর্শে এসে থাকলে উপযুক্ত পূর্বসতর্কতা অবলম্বন করুন। এর মধ্যে রয়েছে খাদ্য, পানীয়, বাসনপত্র, কাপ, বা অন্যান্য যেসব জিনিস অন্য ব্যক্তিদের মুখের সংস্পর্শে এসেছে সেগুলি শেয়ার না করা, এবং আপনার কাশি বা হাঁচি হওয়াসহ অসুস্থ হলে বাড়িতেই থাকা।

এই সপ্তাহে হজের সমাপ্তি ঘটছে।  যেসব ব্যক্তি এবার কানাডায় ফিরছেন, তাদের IMD-এর লক্ষণের দিকে নজর রাখা, উপরে উল্লিত পূর্বসতর্কতা অবলম্বন করা এবং তাদের মেনিঙ্গোকক্কাল স্ট্রেইন W-এর প্রতিশেধক টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। সেসব ব্যক্তিও অন্যদের মধ্যে মেনিঙ্গোকক্কাল রোগ ছড়াতে পারেন যাদের মধ্যে কোনো লক্ষণ নেই।

যেহেতু গ্রীষ্মকালীন ভ্রমণের মরশুম শুরু হচ্ছে, এবং মানুষ হজের মতো আন্তর্জাতিক অনুষ্ঠান থেকে ফিরছেন ও বড় মাপের স্থানীয় জমায়েতে অংশ নিচ্ছেন, তাই IMD থেকে বাঁচতে সুপারিশকৃত সমস্ত মেনিঙ্গোকক্কাল টিকা সাম্প্রতিককাল অবধি নিয়ে রাখাটা খুবই গুরুত্বপূর্ণ, বিশেষ করে এ বছর USA-এর মতো বহু দেশেই IMD-এর প্রকোপ বৃদ্ধির ঘটনার প্রেক্ষাপটে।

18 থেকে 36 বছর বয়সী যেসব প্রাপ্তবয়স্ক ব্যক্তি মেনিঙ্গোকক্কাল টিকা নেননি তারা সরকারি খরচে মেনিঙ্গোকক্কাল টিকা পাবার যোগ্য যা A, C, Y এবং W স্ট্রেইন থেকে রক্ষা করে। এই টিকা সাধারণত গ্রেড 7-এ দেওয়া হয়। কানাডাতে নবাগত যারা এই টিকা নেননি তারাও এটি পাবার যোগ্য। প্রত্যেক ব্যক্তিকে এই মেনিঙ্গোকক্কাল টিকা নেওয়ার লক্ষ্যে অবিলম্বে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার অথবা TPH-এর কোনো টিকা সেবন কেন্দ্রে সাক্ষাতের সময় নির্ধারণ করার জন্য জোরালো আহ্বান জানানো হচ্ছে।

**TPH-এর মেনিঙ্গোকক্কাল টিকা সেবন কেন্দ্রসমূহ**

বাবা-মা, অভিভাবক এবং পরিচর্যাকারীগণকে নিশ্চিত করতে হবে যে তাদের শিশুদের IMD-এর টিকা দেওয়া হয়েছে। মেনিঙ্গোকক্কাল C-এর একটি টিকা সাধারণত 12 মাস বয়সে এবং কোয়াড্রিভ্যালেন্ট মেনিঙ্গোকক্কাল ACYW টিকা গ্রেড সেভেনে দেওয়া হয়। দুটি টিকা নেওয়াই ওন্টারিও'র স্কুল শিক্ষার্থীদের টিকা সেবন আইন অনুসারে আবশ্যক।

যেসব স্কুল শিক্ষার্থী শিশু এবং 18 থেকে 38 বছর বয়সী প্রাপ্তবয়স্ক ব্যক্তি মেনিঙ্গোকক্কাল টিকা নেননি তারা TPHbookings.ca-তে গিয়ে তাদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে পারে। প্রাপ্তবয়স্কদের সাক্ষাৎ 28 জুন থেকে শুরু হবে। টিকাকেন্দ্রগুলির স্থান, তারিখ এবং সময় জানতে www.tphbookings.ca-এ যান।

**সংক্রামক মেনিঙ্গোকক্কাল রোগ**

IMD একটি তীব্র ব্যাকটেরিয়াজনিত সংক্রমণ, যাতে মৃত্যুর সম্ভাবনার হার বেশি, যা মেনিনজাইটিস এবং/অথবা সেপসিস রূপে আবির্ভূত হয়, অনেক সময় যার কারণে দ্রুত রোগের অবনতি ঘটে, যার জন্য চিকিৎসা সহায়তা ও দ্রুত অ্যান্টিবায়োটিক দ্বারা চিকিৎসার দরকার পড়ে। কমবয়সী শিশু, কিশোর-কিশোরী এবং কময়বসী প্রাপ্তবয়স্কদের মধ্যে এই রোগের প্রকোপ সবচেয়ে বেশি হয়।

এসব রোগ অনেক সময় তীব্র আকার ধারণ করে এবং প্রাণহানি ঘটাতে পারে। এর মধ্যে মস্তিষ্কের ভিতরের আস্তরণ ও মেরুদণ্ডে সংক্রমণ (মেনিনজাইটিস) এবং রক্তধারায় সংক্রমণ অন্তর্ভুক্ত।

এর লক্ষণ সাধারণত জ্বর, গায়ে ব্যথা, সন্ধিতে ব্যথা, মাথাব্যথা, ঘাড় শক্ত হয়ে যাওয়া এবং আলোর প্রতি অতি সংবেদনশীলতা থেকে শুরু হয়।

IMD সেই ব্যক্তির মুখ বা নাকের মিউকাসের কাছাকাছি থাকলে বা সরাসরি সংস্পর্শে আসলে ছড়ায় যিনি এই রোগে আক্রান্ত।

উদাহরণের মধ্যে রয়েছে:

- চুম্বন করা, কাশা বা হাঁচি দেওয়া
- সংক্রামিত ব্যক্তির সাথে খাদ্য, পানীয়, খাদ্যের বাসনপত্র, দাঁত মাজার ব্রাশ, মাউথ গার্ড, সিগারেট, ই-লিকুইড, বা লিপস্টিক শেয়ার করা
- মেনিঙ্গোকক্কাল রোগে আক্রান্ত কোনো ব্যক্তির সাথে বসবাস করা

কোনো ব্যক্তি অসুস্থ হবার সাত দিন আগে অবধি এবং অ্যান্টিবায়োটিক দ্বারা চিকিৎসা শুরু করার পর 24 ঘণ্টা পর্যন্ত মেনিঙ্গোকক্কাল রোগ ছড়াতে পারেন।

আপনি এসব লক্ষণ অনুভব করলে অনুগ্রহ করে অবিলম্বে চিকিৎসা করান। আরও তথ্যের জন্য toronto.ca/meningococcal দেখুন।

টরন্টো ত্রিশ লক্ষেরও বেশি মানুষের আবাসস্থল যাদের বৈচিত্র্য ও অভিজ্ঞতা এই অসাধারণ শহরকে কানাডার একটি শীর্ষস্থানীয় অর্থনৈতিক চালিকা শক্তিতে এবং বিশ্বের অন্যতম বৈচিত্র্যপূর্ণ ও বসবাসযোগ্য শহরে পরিণত করেছে। উত্তর আমেরিকার চতুর্থ বৃহত্তম শহর হিসেবে টরন্টো প্রযুক্তিবিদ্যা, অর্থনীতি, চলচ্চিত্র, সঙ্গীত, সংস্কৃতি, উদ্ভাবনী এবং জলবায়ু বিষয়ক পদক্ষেপ গ্রহণের দিক দিয়ে বিশ্বে নেতৃত্বস্থানীয় ভূমিকা পালন করে, এবং এখানকার সরকার, নাগরিকবৃন্দ ও ব্যবসাপ্রতিষ্ঠানগুলির সহায়তায় এই শহর বিনিয়োগের নিরিখে নিরন্তর আন্তর্জাতিক র‍্যাংকিং-এর শীর্ষে অবস্থান করে আসছে। আরও তথ্যের জন্য www.toronto.ca দেখুন অথবা টুইটারে www.twitter.com/CityofToronto-এ, ইনস্টাগ্রামে www.instagram.com/cityofto-এ বা ফেসবুকে www.facebook.com/cityofto-এ আমাদের অনুসরণ করুন।

- 30 -

**গণমাধ্যম যোগাযোগসমূহ:**

টরন্টো জনস্বাস্থ্য দপ্তরের মিডিয়া সংযোগ, TPHmedia@toronto.ca